

২০০৭

বাংলা

ষষ্ঠ পত্র

পূর্ণমান : ১০০

সময় : ৪ ঘণ্টা

প্রথমার্ধ—৫০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক

১। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১৫×২

(ক) বাংলা নাট্যসাহিত্যের ইতিহাসে দীনবন্ধু মিত্রের অবদান আলোচনা করো।

(খ) পৌরাণিক বিষয়বস্তুর আধারে আধুনিক যুগের মনোভাবকেই তুলে ধরেছেন মন্মথ রায়।—এ মন্তব্যের আলোকে মন্মথ রায়ের নাট্য কৃতিত্ব বিশ্লেষণ করো।

(গ) নবনাট্য আন্দোলনে বিজন ভট্টাচার্যের দান সম্পর্কে আলোচনা করো।

(ঘ) বাংলা নাটকের ধারায় বাদল সরকারের অভিনবত্ব ও কৃতিত্ব সম্পর্কে আলোচনা করো।

২। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ৪×৫

(ক) গিরিশচন্দ্রের চারটি ঐতিহাসিক নাটকের নাম লেখো।

(Turn Over)

- (খ) নিম্নোক্ত নাটকগুলির রচয়িতার নাম লেখো :
কুলীন কুল সর্বস্ব, বিয়ে পাগলা বুড়ো, বাবু, জমিদার-দর্পণ।
- (গ) 'বুড়ো শালিখের ঘাড়ে রোঁ' ও 'কৃষ্ণকুমারী' নাটকের সঙ্গে কোন্ কোন্ বিদেশী নাটকের সাদৃশ্য লক্ষ্য করা যায় ? সেই নাটকগুলির রচয়িতা কে ?
- (ঘ) টডের 'রাজস্থান' গ্রন্থের উপাদানে রচিত চারটি বাংলা নাটকের নাম লেখো।
- (ঙ) রবীন্দ্রনাথ 'মালিনী' নাটকের উপাদান কোন লেখকের কোন গ্রন্থ থেকে সংগ্রহ করেছিলেন। নাটকের কাহিনীটি কোন বৌদ্ধ জাতকের অন্তর্গত ?
- (চ) বাংলায় রচিত চারটি অ্যাবসার্ড নাটকের নাম লেখো।
- (ছ) অলীকবাবু প্রহসনের পূর্বনাম কি ? প্রহসনকারের রচনায় কোন বিদেশী নাট্যকারের প্রভাব পাওয়া যায় ?
- (জ) রবীন্দ্রনাথের নিজের করা দুটি ও শরৎচন্দ্রের নিজের করা দুটি উপন্যাসের নাট্যরূপের নাম লেখো।
- (ঝ) নিম্নোক্ত নাটকগুলির প্রকাশকাল লেখো :
ডাকঘর, চন্দ্রগুপ্ত, টিনের তলোয়ার, ছেঁড়াতার।

দ্বিতীয়ার্থ—৫০

যে কোন তিনটি প্রশ্নের উত্তর দাও

প্রশ্নগুলি সমমূল্য

- ১। 'বুড়ো শালিখের ঘাড়ে রোঁ' প্রহসনে সমকালীন সমাজ অর্থনীতির ব্যবহারে মধুসূদনের কৃতিত্ব বিচার করো।

- ২। 'সধবার একাদশী'র প্রধান আকর্ষণ নিমচাঁদ চরিত্র—মন্তব্যটির আলোকে চরিত্রটি বিশ্লেষণ করো।
- ৩। ট্রাজেডি নাটক হিসেবে 'প্রফুল্ল'র সাফল্য-অসাফল্যের পর্যালোচনা করো।
- ৪। মনস্তাত্ত্বিক ট্রাজেডি হিসেবে নূরজাহানের সার্থকতা বিচার করো।
- ৫। 'মহারাজ ক্ষম ক্ষেমকরে'—এই উক্তির আলোকে প্রমাণ করো যে মালিনী আদ্যন্ত প্রেমিকা।
- ৬। নবান্ন নাটকের প্রথম অঙ্ক প্রথম দৃশ্যের সঙ্গে শেষ অঙ্ক শেষ দৃশ্যের গভীর সম্পর্ক অনস্বীকার্য—আলোচনা করো।
- ৭। একাক্ষিকা হিসেবে মন্থথ রায়ের অসাধারণ-এর শিল্প সার্থকতা বিচার করো।